

Prime Minister's Departure Statement ahead of his visit to Germany and UAE (June 26-28, 2022)

June 25, 2022

জার্মানী ও সংযুক্ত আরব আমিরশাহী সফরের প্রাক্কালে (জুন 26-28, ২০২২) প্রধানমন্ত্রীর বক্তব্য

জুন 25, 2022

জার্মান চ্যান্সেলর শ্রী ওলাফ শলতজের আমন্ত্রণে আমি শলজ আলম্যাউ সফর করব। জার্মানীর পৌরোহিত্বে এবার জি-৭ শীর্ষ সম্মেলন সেখানে অনুষ্ঠিত হবে। গত মাসে ফলপ্রসূ ভারত-জার্মানী আন্তঃসরকারি বৈঠকের পর চ্যান্সেলর শলতজের সঙ্গে আবারও সাক্ষাৎ হবে, যা অত্যন্ত আনন্দের বিষয়।

মানবজাতির উপর প্রভাব বিস্তারকারী, নানা গুরুত্বপূর্ণ বিষয়ে আন্তর্জাতিক সহযোগিতা বৃদ্ধি করার লক্ষ্যে জার্মানী জি-৭ শীর্ষ সম্মেলনে আর্জেন্টিনা, ইন্দোনেশিয়া, সেনেগল এবং দক্ষিণ আফ্রিকার মতো গণতান্ত্রিক রাষ্ট্রগুলিকে আমন্ত্রণ জানিয়েছে। আমি জি-৭ গোষ্ঠীভুক্ত দেশগুলি, জি-৭ গোষ্ঠীর সহযোগী দেশগুলি এবং বিভিন্ন আন্তর্জাতিক প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সঙ্গে পরিবেশ, শক্তি, জলবায়ু, খাদ্য নিরাপত্তা, স্বাস্থ্য, সন্ত্রাস মোকাবিলা, লিঙ্গ সমতা ও গণতন্ত্রের মতো বিষয়গুলি নিয়ে মতবিনিময় করবো। সম্মেলনের ফাঁকে জি-৭ গোষ্ঠীর এবং আমন্ত্রিত দেশগুলির কয়েকজন রাষ্ট্রনায়কের সঙ্গেও আমার সাক্ষাৎ হবে।

জার্মানী সফরকালে ইউরোপে বসবাসরত ভারতীয় সম্প্রদায়ের সঙ্গে সাক্ষাৎ করার পরিকল্পনা আছে। এরা স্থানীয় অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখায় ইউরোপের দেশগুলির সঙ্গে আমাদের সম্পর্ক আরও শক্তিশালী হয়েছে।

দেশে ফেরার পথে সংক্ষিপ্ত সময়ের জন্য আমি আবু ধাবীতে যাব। সেখানে সংযুক্ত আরব আমিরশাহীর রাষ্ট্রপতি এবং আবু ধাবীর শাসক শেখ মোহাম্মেদ বিন জায়েদ আল নাহিয়ানের সঙ্গে বৈঠক করবো এবং ২৮ জুন সংযুক্ত আরব আমিরশাহীর সদ্য প্রয়াত রাষ্ট্রপতি ও আবু ধাবীর শাসক শেখ খলিফা বিন জায়েদ আল নাহিয়ানের প্রতি শ্রদ্ধা নিবেদন করবো।

নতুন দিল্লী

জুন 25, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.